কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/ তারিখ: ০৮/১১/২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে আলোচনা সভা, দেশের কল্যাণে ঐক্যবদ্ধ থাকার আহ্বান

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়েছে। রবিবার (৮ নভেম্বর) দুপুরে প্রশাসনিক ভবনের ভার্চুয়াল কক্ষে বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মোহাম্মদ জুলহাস উদ্দিনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দিন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সজল চন্দ্র মজুমদার, ইউট্যাব সভাপতি ও প্রক্টর প্রফেসর ড. মোঃ শাহাদাৎ হোসেন এবং বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ নূরুল করিম চৌধুরী প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দিন বলেন, "১৯৭৫ সালের ৭ই নভেম্বর সিপাহী- জনতার ঐক্যবদ্ধ বিপ্লবের মাধ্যমে জাতি তার ভবিষ্যৎ পথচলার সঠিক দিকনির্দেশনা পেয়েছিল। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ক্ষমতার মোহে নয়, বরং জাতির আস্থার প্রতীক হিসেবে দায়িত্ব নিয়েছিলেন। তাঁর হাত ধরেই দেশের অর্থনীতি, তৈরি পোশাক শিল্প, কৃষি বিপ্লব, স্বাধীন পররাষ্ট্রনীতি ও আধুনিক বাংলাদেশের শক্তিশালী ভিত্তি রচিত হয়।"

তিনি আরও বলেন, দেশ ও বিশ্ববিদ্যালয়ের সমৃদ্ধি নিশ্চিত করতে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের নিজ নিজ অবস্থান থেকে নিষ্ঠার সাথে কাজ করতে হবে। সকল মতপার্থক্য ভুলে দেশের স্বাধীনতা- সার্বভৌমত্ব রক্ষা ও গণতান্ত্রিক পরিবেশ বজায় রাখতে সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান তিনি।

সভায় বিশেষ অতিথির বক্তব্যে অধ্যাপক ড. সজল চন্দ্র মজুমদার বলেন, জাতীয় সমৃদ্ধি অর্জন ও বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে পারস্পরিক ভেদাভেদ ভুলে সম্মিলিতভাবে কাজ করার কোনো বিকল্প নেই।

বিশেষ অতিথি প্রফেসর ড. মোঃ শাহাদাৎ হোসেন ৭ই নভেম্বরের পটভূমি উল্লেখ করে বলেন, "সিপাহী- জনতার বিপ্লবের মধ্য দিয়েই দেশ অনিশ্চয়তা ও চরম সংকট থেকে রক্ষা পেয়েছিল। এই দিবসের সঠিক ইতিহাস দেশের প্রতিটি নাগরিক এবং ভবিষ্যৎ প্রজন্মের কাছে তুলে ধরা আমাদের নৈতিক দায়িত্ব।"

সভাপতির বক্তব্যে ড. মোহাম্মদ জুলহাস উদ্দিন বলেন, ৭ই নভেম্বরের মূল শিক্ষাই হলো সাম্রাজ্যবাদ ও আধিপত্যবাদবিরোধী একটি সার্বভৌম বাংলাদেশ গড়ে তোলা। সেই চেতনাকে ধারণ করে দল- মত নির্বিশেষে দেশ ও বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

উক্ত আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, শিক্ষক, কর্মকর্তা- কর্মচারী এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

(মোহাম্মদ এমদাদুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য),কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য),কুবি।
৪. সংশ্লিষ্ট নথি।